নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।
ডায়েরী নং- 6602
তারিখ ঃ- ২৮/৭/
গ্রহণকারী ঃ-
স: প্র: | উ: বি: প্র: | নি: প্র:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
সংস্থাপন শাখা-৩
www.pwd.gov.bd

তারিখ: ৮ শ্রাবণ ১৪৩৩
২৩ জুলাই ২০২৬

**নম্বর:** ২৫.৩৬.০০০০.০০০.২২০.২৭.০৬৪৫.২৩.২৪৮

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব ফারজানা নিশাদ, অফিস সহায়ক, সাভার গণপূর্ত সার্কেল, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ উপবিধি (খ) ও (গ) অনুযায়ী "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগে অত্র দপ্তরের ১০/১১/২০২৫ তারিখে ২৫.৩৬.০০০০.০০০. ২২০.২৭.০৬৪৫.২৩.৩২৫ নম্বর স্মারকের মাধ্যমে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী রেজিস্টার্ড এডি ডাক যোগে প্রেরণ করা হয়। কিন্তু অদ্যাবধি জবাব পাওয়া যায়নি। কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির কারণে তাকে একাধিকবার কারণ দর্শানো হয়। তিনি কারণ দর্শানোর কোন জবাব দাখিল না করে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

যেহেতু, তিনি কারণ দর্শানোর কোন জবাব দাখিল না করায় আনীত বিভাগীয় মামলায় প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনা করে ন্যায় বিচারের স্বার্থে তদন্তের আবশ্যকতা প্রতীয়মান হওয়ায় ১১/০১/২০২৬ তারিখের ২৫.৩৬.০০০০.০০০.২২০.২৭.০৬৪৫.২৩.১৩ নম্বর স্মারকের মাধ্যমে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ০৭/০৬/২০২৬ তারিখের ২৫.৩৬.০০০০.২২০. ২৭.৭৯৩/০৭ নম্বর স্মারকের মাধ্যমে তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগ সরকারি কর্মচারী (শৃংঙ্খলা ও আপিলি) বিধিমালা, ২০১৮ অনুযায়ী সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন।

বিভাগীয় মামলার ধারাবাহিকতায় তদন্ত প্রতিবেদন মোতাবেক অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযুক্ত কর্মচারীকে ১৭/০৬/২০২৬ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। অভিযুক্ত কর্মচারী অদ্যাবধি দ্বিতীয় কারণ দর্শানোর জবাব দাখিল করেননি। সুতরাং, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ উপবিধি (৩) (ঘ) মোতাবেক "চাকরি হতে বরখাস্তকর" গুরুদন্ড প্রদান এর প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, জনাব ফারজানা নিশাদ, অফিস সহায়ক, সাভার গণপূর্ত সার্কেল, ঢাকাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ উপবিধি (খ) ও (গ) অনুযায়ী "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪ উপবিধি (৩) (ঘ) মোতাবেক "চাকরি হতে বরখাস্তকরণ" (Dismissal from service) গুরুদন্ড প্রদান করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৩-০৭-২০২৬
(মোঃ খালেকুজ্জামান চৌধুরী)
প্রধান প্রকৌশলী
ফোন : ০২-২২৩৩৮২৭৯৫
ইমেইল : ce@pwd.gov.bd

নম্বর: ২৫.৩৬.০০০০.০০০.২২০.২৭.০৬৪৫.২৩.২৪৮/১ (১১)

তারিখ: ৮ শ্রাবণ ১৪৩৩
২৩ জুলাই ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত জোন, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সাভার গণপূর্ত সার্কেল, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
৫। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। প্রতি মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা। (গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ২য় ১২ তলা সরকারি অফিস ভবন, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকতা, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
১০। তত্ত্বাবধায়ক, সংস্থাপন শাখা-৪, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
১১। জনাব ফারজানা নিশাদ, অফিস সহায়ক (চাকরি হতে বরখাস্তকৃত), সাভার গণপূর্ত সার্কেল, ঢাকা। স্থায়ী ঠিকানা-জনাব ফরজানা নিশাদ, পিতা-আহমদ হোসেন সিকদার, গ্রাম-কানাসিকদার পাড়া, পোঃ- হারবাং, থানা-চকরিয়া, জেলা-কক্সবাজার।

২৬-০৭-২০২৬
(মুহাম্মদ সারওয়ার জাহান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)